# ২০২৬

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা — এম. ডি. সি

### পত্র : CC-7

### (বাংলা কথাসাহিত্য - ১)

### পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'রোমান্স' হিসাবে 'কপালকুণ্ডলা' উপন্যাসটির সার্থকতা বিচার করো। ১৫

*অথবা*

(খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে মতিবিবি চরিত্রটির পরিচয় দাও এবং উপন্যাসে তার ভূমিকা বিশ্লেষণ করো। ১৫

২। (ক) 'পদ্মানদীর মাঝি' উপন্যাস অবলম্বনে পদ্মাতীরের মাঝিদের জীবিকা ও জীবন সম্পর্কে যে চিত্র লেখক এঁকেছেন, তা বর্ণনা করো। ১৫

*অথবা*

(খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে বর্ণিত কপিলা চরিত্রটির ভূমিকা সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো। ১৫

৩। (ক) বিষয়বস্তু এবং ভাববস্তু অনুযায়ী 'অতিথি' গল্পের নামকরণটি কতখানি সার্থক হয়েছে, তা ব্যাখ্যা করো। ১৫

*অথবা*

(খ) 'দেনাপাওনা' গল্পে নিরুপমার পরিণতির জন্য কে দায়ী বলে তোমার মনে হয়, যুক্তিসহ ব্যাখ্যা করো। ১৫

৪। (ক) "আহা! কি দেখিলাম! জন্মজন্মান্তরেও ভুলিব না"।
— বক্তা কে? সে কী দেখার কথা বলেছিল? সেই দেখাকে সে কীভাবে বর্ণনা করেছিল? ১+১+৩

*অথবা*

(খ) "এক আকাশে কি চন্দ্র-সূর্য উভয়েই বিরাজ করেন না? এক বৃন্তে কি দু'টি ফুল ফুটে না!"
— কে, কাকে এই কথা বলেছিল? এই কথার মর্মার্থ কী? ২+৩

৫। (ক) "গরিবের মধ্যে সে গরিব, ছোটলোকের মধ্যে আরও বেশি ছোটলোক, এমনভাবে তাহাকে বঞ্চিত করিবার অধিকারটা সকলে তাই প্রথার মত, .... অসঙ্কোচে গ্রহণ করিয়াছে।"
— কার, কোন্ প্রেক্ষিতে এই কথা মনে হয়েছে? ১+৪

*অথবা*

(খ) টীকা লেখো— ময়না দ্বীপ। ৫

৬। (ক) টীকা লেখো— 'মেঘ ও রৌদ্র' গল্পের গিরিবালা। ৫

*অথবা*

(খ) "রাত্রি প্রায় শেষ হইয়া আসিল— ঝড় থামিয়া গেল, জল নামিয়া গেল—"
— ঝড়-জলযুক্ত এই রাত্রিটির কোন্ বিশেষত্ব এই গল্পে বর্ণিত হয়েছে, তা সংক্ষেপে লেখো। ৫

৭। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে?

(খ) নবকুমার যে নৌকার যাত্রী ছিলেন, সেটি কোন্ জায়গা থেকে ফিরছিল?

(গ) কপালকুণ্ডলা ও নবকুমারের প্রথম সাক্ষাৎকারে নবকুমারকে কপালকুণ্ডলা কী প্রশ্ন করেছিল?

(ঘ) মতিবিবির অতীতের নাম কী ছিল?

(ঙ) নবকুমারের পৈতৃক বাড়ি কোথায় ছিল?

(চ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?

(ছ) কুবের মাঝির পরিবারে ক'জন সদস্য ছিল?

(জ) কুবের যে নৌকাটিতে মাছ ধরত, তার মালিকের নাম কী?

(ঝ) আশ্বিন মাসের ঝড়ে কুবেরের পরিবারে কী বিপদ ঘটেছিল?

(ঞ) ময়নাদ্বীপ থেকে ফিরে আসা কুবেরদের গ্রামের মানুষটির নাম কী?

(ট) সোহিনী এবং নন্দকিশোরের কোথায় দেখা হয়েছিল?

(ঠ) হারাণ ডাক্তারের কন্যাটির কী নাম ছিল?

(ড) তারাপদ তার বাড়ি ছেড়ে শেষবার কোথায় যাত্রার আয়োজন করেছিল?

(ঢ) সুরবালার স্বামীর নাম ও তার জীবিকা কী ছিল?

(ণ) মণিমালিকা তার দূর-সম্পর্কিত ভাইয়ের সঙ্গে বাপের বাড়ি যাওয়ার জন্য রওনা দিয়েছিল কেন?

———————